গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা -২

নং- ২২.০০.০০০০.০৭৯.১৪.০৭১.১৭ (অংশ-১)-৮৯ তারিখ ঃ ১৮/০৮/২০১৯

বিষয় ঃ "বনায়ন কর্মসূচিতে জনগোষ্ঠী ভিত্তিক জলাবায়ু পরিবর্তন অভিযোজন" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবি
প্রেরণ।

বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "বনায়ন কর্মসূচিতে জনগোষ্ঠী ভিত্তিক জলবায়ু পরিবর্তন অভিযোজন" শীর্ষক কারিগরি সহায়তা প্র স্টিয়ারিং কমিটির ৩য় সভা বিগত ২৫/০৭/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এতদ্‌সংগে নির্দে প্রেরণ করা হল।

সংযুক্তি ঃ কার্যবিবরণী।

(মরিয়ম বেগম)
সিনিয়র সহকারী প্রধান
ফোন ঃ ৯৫৪০২৬০

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৮। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১০। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
১১। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। যুগ্ম-প্রধান, বন মৎস্য ও প্রানিসম্পদ উইং, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৩। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
১৪। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, আগারগাঁও, ঢাকা।
১৫। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) ও জাতীয় প্রকল্প পরিচালক, "বনায়ন কর্মসূচিতে জনগোষ্ঠীভিত্তিক জলবায়ু পরিবর্তন অভিযোজন" শীর্ষক প্র পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
১৭। যুগ্ম প্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
১৮। জেলা প্রশাসক, ভোলা/নোয়াখালী/বরগুনা/পটুয়াখালী/পিরোজপুর।
১৯। পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, ষোল শহর, চট্টগ্রাম।
২০। উপসচিব (উন্নয়ন/উপপ্রধান), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। সহকারী প্রধান বন সংরক্ষক, উন্নয়ন পরিকল্পনা উইং, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
২২। এসিস্ট্যান্ট কান্ট্রি ডাইরেক্টর (R&IG Cluster), ইউএনডিপি, বাংলাদেশ।
২৩। জনাব আরিফ এম. ফয়সল, প্রোগ্রাম স্পেসিয়ালিস্ট, (R&IG Cluster), ইউএনডিপি বাংলাদেশ।
২৪। জনাব ফরিদ উদ্দিন আহমেদ, নির্বাহী পরিচালক, আরণ্যক ফাউন্ডেশন, বনানী, ঢাকা।
২৫। ড. নিয়াজ আহমেদ খান, প্রফেসর, ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২৬। প্রজেক্ট ম্যানেজার, "বনায়ন কর্মসূচিতে জনগোষ্ঠী ভিত্তিক জলবায়ু পরিবর্তন অভিযোজন " শীর্ষক প্রকল্প, বন ভবন, আগারগাঁও, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৬

বিষয়: 'বাংলাদেশের উপকূলীয় বনায়ন ও পুন:বনায়নে কমিউনিটি ভিত্তিক অভিযোজন কর্মসূচি' শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী, সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ২৫ জুলাই, ২০১৯, সকাল ১০:০০ টা। |
| সভাস্থল | : | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| সভায় উপস্থিতি | : | সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট -'ক'। |

২.০। উপস্থাপনা:

সভাপতি প্রারম্ভে সভায় আগত সকলকে স্বাগত জানান। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য জাতীয় প্রকল্প পরিচালক'কে অনুরোধ করেন। সভাপতি'র অনুমতিক্রমে জাতীয় প্রকল্প পরিচালক সভায় জানান যে, অংশগ্রহণমূলক পরিকল্পনা, কমিউনিটি ভিত্তিক ব্যবস্থাপনা এবং বনায়ন ও পুন:বনায়নে বৈচিত্র্যায়নের মাধ্যমে জলবায়ু পরিবর্তন জনিত বিপদাপন্নতা হ্রাস করা এ প্রকল্পের মূল উদ্দেশ্য। প্রকল্পটি সর্বমোট ৪৫.২০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৬-জুন, ২০২০ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। ১০,০০০ অতিদরিদ্র পরিবারকে জীবিকায়নে সহায়তা প্রদান, বনজ-ফলজ-মৎস্য-সবজি (থ্রিএফভি)-নামক উদ্ভাবনী মডেল বাস্তবায়নের মাধ্যমে জীবিকায়নে সহায়তা প্রদান, ম্যানগ্রোভ পুন:বনায়ন, কমিউনাল লাইভলিহুড এসেট সংরক্ষণ, উপকূলীয় বাঁধ এলাকায় জলাবদ্ধতা দূরীকরণ ও পানি নিষ্কাশনের ব্যবস্থা উন্নয়ন, কিল্লা নির্মাণের মাধ্যমে প্রকল্প এলাকায় গবাদি-পশুর দুর্যোগকালীন নিরাপত্তা প্রদান ইত্যাদি এ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম। তিনি সভায় আরও উল্লেখ করেন যে, প্রকল্পের মাঠ পর্যায়ের অগ্রগতি ও দূর্বলতাসমূহ চিহ্নিত করে মধ্যবর্তী মূল্যায়নের সুপারিশের আলোকে টিপিপির অসঙ্গতিসমূহ সংশোধনের জন্য ইত:পূর্বে কমিটি (জাতীয় প্রকল্প পরিচালক, উপ জাতীয় প্রকল্প পরিচালক, বন অধিদপ্তর, পরিকল্পনা কমিশন, আইএমইডি, ইউএনডিপি'র প্রতিনিধি) গঠন করা হয়। উক্ত কমিটি টিপিপি সংশোধনে কতিপয় সুপারিশ প্রদান করেছে। এ পর্যায়ে প্রকল্পটির সংশোধনের প্রস্তাবনা, প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত অদ্যকার সভার আয়োজন করা হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন।

৩.২.জাতীয় উপ প্রকল্প পরিচালক সভায় জানান যে, টিপিপি'তে ১০০ হেক্টর পরিত্যক্ত বন ভূমিতে ৫০০ বনজ-ফলদ-মৎস্য-সব্জি (থ্রিএফভি) মডেল বাস্তবায়নের সংস্থান রয়েছে। জুন, ২০১৯ পর্যন্ত নোয়াখালীর হাতিয়ায় ২০ হেক্টর ও ভোলার তজুমুদ্দিনে ৮ হেক্টরসহ সর্বমোট ২৮ হেক্টর (১৪০ টি মডেল) থ্রিএফভি সম্পন্ন করা হয়েছে। ২৮ হেক্টরে ১৪০ টি মডেল বাস্তবায়নে ১ কোটি ১২ লাখ টাকা ব্যয় হয়েছে। তিনি সভায় আরও জানান যে, এ খাতের অবশিষ্ট বাজেট (১ কোটি ৪৮ লক্ষ টাকা) দ্বারা বাকী ৩৬০জন উপকারভোগীর জন্য বন বিভাগের খাসজমি খনন করে মডেল তৈরি করা সম্ভব হবে না। এছাড়া, বর্তমানে বন বিভাগের আওতায় উপযুক্ত জমি পাওয়া যাচ্ছে না এবং বাস্তবতার নিরিখে এ খাতে ব্যয়ও বৃদ্ধি পেয়েছে। টিপিপি সংশোধনে গঠিত কমিটি সার্বিক পর্যালোচনা করে এ খাতের অবশিষ্ট অর্থ দ্বারা থ্রিএফভি মডেলের কৃষি, মৎস্য ও বনজ উপাদান ঠিক রেখে সিএমসির মাধ্যমে উপকূলীয় এলাকায় বিদ্যমান বন নির্ভর জনগোষ্ঠী'র ৩৬০টি পরিত্যক্ত পুকুর সংস্কারের মাধ্যমে ৩৬০টি মডেল বাস্তবায়নের সুপারিশ করেছে। মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) থ্রিএফভি মডেলের সদস্য নির্বাচনের ক্ষেত্রে বন নির্ভর সদস্য চিহ্নিতকরণে সিএমসি ও প্রকল্পের মাঠকর্মীর পাশাপাশি বন বিভাগের সদস্য অন্তর্ভুক্তকরণে পরামর্শ প্রদান করেন। থ্রিএফভি মডেলের উদ্দেশ্য ঠিক রেখে বন নির্ভর সদস্য নির্বাচনের মাধ্যমে উপকূলের পরিত্যক্ত পুকুর সংস্কার করে অবশিষ্ট ৩৬০টি থ্রিএফভি মডেল বাস্তবায়ন করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

৩.৩ সভায় অবহিত করা হয় যে, টিপিপি'তে ভোলার মনপুরা উপজেলার জলাবদ্ধতা নিরসনের মাধ্যমে পরোক্ষভাবে ৫০০০ মানুষের জীবিকায়নে সহায়তার লক্ষ্যমাত্রা ছিল। স্থানীয় মানুষের চাহিদার ভিত্তিতে ও প্রকল্পের ফিজিবিলিটি স্ট্যাডির আলোকে মনপুরা ও চরফ্যাশনে ২০টি স্লুইসগেট সংস্কার করায় প্রায় ৫০০,০০০ মানুষ এ কার্যক্রমের মাধ্যমে উপকৃত হয়েছেন। এ খাতে লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় অবশিষ্ট ১ কোটি ৬ লাখ টাকা লাইভলিহুড কর্মকান্ডে সমন্বয় করার বিষয়ে টিপিপি সংশোধনে গঠিত কমিটি সুপারিশ করেছে। স্লুইসগেইট পরিচালনায় বিদ্যমান ব্যবস্থাপনা কমিটি পুনর্গঠনের ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। পানি উন্নয়ন বোর্ডের সাথে আলোচনাক্রমে স্লুইসগেট ব্যবস্থাপনা কমিটি পুনর্গঠন এবং উক্ত কমিটি যথাযথভাবে কাজ করছে কি-না প্রকল্প হতে তা নিয়মিত মনিটরিং করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩.৪. জাতীয় প্রকল্প পরিচালক সভায় জানান যে, দুর্যোগকালীন সময়ে গবাদি পশুর নিরাপত্তায় অনুমোদিত টিপিপি'তে ১০টি কিল্লা নির্মাণের সংস্থান রয়েছে। জুন, ২০১৯ পর্যন্ত ০৫টি কিল্লা নির্মাণের প্রস্তাবনা পাওয়া গেছে এবং তন্মধ্যে ০৩টি'র অনুকূলে অর্থ ছাড় করা হয়েছে। তিনি সভাকে আরও অবহিত করেন যে, কিল্লা নির্মাণের জন্য বর্তমানে জমি পাওয়া যাচ্ছে না। এ কার্যক্রমটি গুরুত্বপূর্ণ বিধায় টিপিপি'র সংস্থান অনুসারে ১০টি কিল্লা নির্মাণের প্রচেষ্টা অব্যাহত রাখা এবং প্রকল্পের কিল্লার নাম 'মুজিব কিল্লা' করণের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩.৫. সভায় জানানো হয় যে, অনুমোদিত টিপিপি'তে ৮টি কো-ম্যানেজমেন্ট কমিটির দক্ষতা বৃদ্ধির জন্য একটি এনজিও নিয়োগের লক্ষ্যে ১ কোটি ৮০ লাখ টাকা'র সংস্থান রয়েছে। তবে টিপিপি সংশোধন কমিটি এনজিও নিয়োগ না করে কনসালট্যান্ট নিয়োগের মাধ্যমে এ কার্যক্রমটি সম্পাদনের সুপারিশ করেছে এবং এ খাতে প্রায় ১ কোটি ৪২ লক্ষ টাকা সাশ্রয় হবে। সাশ্রয়কৃত অর্থ জীবিকার উন্নয়ন খাতে সমন্বয়ের বিষয়ে সভায় প্রস্তাব জানানো হয়। সভাপতি কনসালট্যান্ট নিয়োগের পরিবর্তে কনসালট্যান্সি ফার্ম নিয়োগের মাধ্যমে কো-ম্যানেজমেন্ট কমিটির দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ প্রদানের সংস্থান রাখার বিষয়ে নির্দেশনা দেন।

৩.৬. অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় উল্লেখ করেন যে, এ মন্ত্রণালয়ের অধীন 'সেন্টার ফর এনভায়রনমেন্ট এন্ড ক্লাইমেট চেঞ্জ' শীর্ষক একটি লার্নিং সেন্টার গঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত সেন্টারটির কাঠামো কেমন হবে, জনবল কী হবে তা অ্যানালাইসিস করার জন্য এ প্রকল্প থেকে একজন পরামর্শক নিয়োগ করা যেতে পারে মর্মে তিনি মতব্যক্ত করেন। অ্যাডাপ্টেশন লার্নিং সেন্টারের ফ্রেম ওয়ার্ক তৈরির জন্য এ প্রকল্প থেকে পরামর্শক নিয়োগের বিষয়ে সভায় নির্দেশনা দেয়া হয়।

৩.৭. সভায় অবহিত করা হয় যে, সবুজ বেষ্টনীর সুরক্ষায় এ প্রকল্পের আওতায় ৮টি উপজেলায় ৮টি সহ-ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে। প্রকল্প মেয়াদের পরেও যেন সহ-ব্যবস্থাপনা কমিটিগুলো বন সংরক্ষনে কার্যকর ব্যবস্থা পালন করতে পারে সে জন্য টিপিপি সংশোধনে গঠিত কমিটি সহ-ব্যবস্থাপনা কমিটির জন্য এককালীন গ্রান্ট হিসেবে পাঁচ লক্ষ টাকা Micro Capital Grant/Endowment Fund এর ব্যবস্থা করার সুপারিশ করেছে। এ প্রসঙ্গে ইউএনডিপি'র প্রতিনিধি জানান, প্রকল্প মেয়াদের পর কোন তহবিল অব্যয়িত থাকতে পারবে না। তবে নেক্স ফান্ড থেকে মন্ত্রণালয় এ ক্ষেত্রে উদ্যোগ নিতে পারে। এক্ষেত্রে 'কমিউনিটি সাপোর্ট ফর ইনকাম জেনারেটিং' এর আওতায় সিএমসির জন্য এককালীন পাঁচ লাখ টাকা প্রদানের সংস্থান রাখা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

৩.৮. জাতীয় উপ প্রকল্প পরিচালক সভায় জানান যে, ২৫০০ বন নির্ভর সদস্য নিয়ে ৬০-৬৫ সদস্য বিশিষ্ট ৪০টি এফআরপিজি গঠনের বিষয়ে টিপিপি'তে সংস্থান রয়েছে। কিন্তু বন নির্ভর সদস্য সংখ্যা প্রয়োজনের তুলনায় কম হওয়া, সমবায়ের নিবন্ধনের শর্ত ও উপকারভোগীর ইনপুট সার্পোট (প্রায় ৩০০০ টাকা) কম হওয়ায় ৪০টির বদলে ১৪টি এফআরপিজি গঠন করে অবশিষ্ট অর্থ ইনপুট সাপোর্টের ক্ষেত্রে বাড়ানো যেতে পারে বলে তিনি সভাকে জানান। বন নির্ভর সদস্য সংখ্যা নির্ণয় করে অত:পর এফআরপিজি সংখ্যা নির্ণয় করার বিষয়ে সভায় পরামর্শ দেয় হয়। সমবায় অধিদপ্তরের নিবন্ধনের শর্তানুযায়ী এফআরপিজির সদস্য সংখ্যা ৩০ জনে সীমাবদ্ধ রাখারও নির্দেশনা দেয়া হয়।

৩.৯. সভায় অবহিত করা হয় যে, বাগান রক্ষণাবেক্ষণ ও Vacancy Filling খাতে টিপিপি'তে সংস্থানকৃত বরাদ্দ পর্যাপ্ত নয় , এ খাতে বরাদ্দ বৃদ্ধি করা প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে বাগান রক্ষণাবেক্ষণ ও Vacancy Filling খাতে বরাদ্দ বৃদ্ধি করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়। ইউএনডিপি'র প্রতিনিধি সভায় জানান, কৃষি বিভাগের ওপর মধ্যবর্তী মূল্যায়ন কমিটি নেতিবাচক প্রতিবেদন প্রদান করেছে। এ প্রেক্ষিতে কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি উক্ত প্রতিবেদনের কপি মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ জানান। মধ্যবর্তী মূল্যায়নের প্রতিবেদন নিয়ে প্রত্যেক অঙ্গের পরিচালকদের সাথে বৈঠক করে পরবর্তী করণীয় নির্ধারণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩.১০ জাতীয় প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের কোন কোন কম্পোনেন্টে বাজেট অতিরিক্ত এবং কোন কোন কম্পোনেন্টে বাজেট পর্যাপ্ত নয়। উল্লেখ্য, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি প্রকল্পের কাঙ্খিত ফলাফল অর্জনের লক্ষ্যে প্রকল্পের মেয়াদ আরও একবছর বৃদ্ধির সুপারিশ করেছে। এছাড়াও, টিপিপি সংশোধনে গঠিত কমিটি প্রকল্পের মাঠ পর্যায়ের কাজের অগ্রগতি, কারেন্সি গেইন ও বাজেট সমন্বয়ের মাধ্যমে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ আরও একবছর বৃদ্ধির প্রস্তাব করেছে। এ প্রেক্ষিতে ইউএনডিপি'র প্রতিনিধি জানান, জিইএফ মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে অতিরিক্ত অর্থ প্রদানে সম্মত হয় না। এ ক্ষেত্রে স্টাফ স্যালারীর বিষয়টি বিবেচনা করতে হয়। জাতীয় প্রকল্প পরিচালক জানান, মাঠ পযায়ে ৫০% স্টাফ হ্রাস করা হবে। অধিকন্তু বাকী স্টাফদের বেতন ভাতাও কার্যক্রমভিত্তিক কোডের আওতাভুক্ত। ফলে ম্যানেজমেন্ট খরচে অতিরিক্ত ব্যয় বাড়ানো হবে না বলে তিনি সভাকে অবহিত করেন। যৌক্তিকভাবে মাঠ পর্যায়ের স্টাফ হ্রাস ও বাজেট সমন্বয়ের মাধ্যমে প্রকল্পের মেয়াদ আরও একবছর বৃদ্ধি করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। এক্ষেত্রে জিইএফ এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য ইউএনডিপিকে সভায় পরামর্শ প্রদান করা হয়।

৪.০। সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.১। থ্রিএফভি মডেলের উদ্দেশ্য ঠিক রেখে বন নির্ভর সদস্য নির্বাচনের মাধ্যমে উপকূলের পরিত্যক্ত পুকুর সংস্কার করে অবশিষ্ট ৩৬০টি থ্রিএফভি মডেল বাস্তবায়ন করা যেতে পারে। এক্ষেত্রে থ্রিএফভি মডেলের সদস্য নির্বাচনের ক্ষেত্রে বন নির্ভর সদস্য চিহ্নিতকরণে সিএমসি ও প্রকল্পের মাঠকর্মীর পাশাপাশি বন বিভাগের সদস্য অন্তর্ভুক্ত করতে হবে;

৪.২। পানি উন্নয়ন বোর্ডের সাথে আলোচনাক্রমে স্লুইসগেট ব্যবস্থাপনা কমিটি পুনর্গঠন এবং উক্ত কমিটি যথাযথভাবে কাজ করছে কি-না এ প্রকল্প হতে তা নিয়মিত মনিটরিং করতে হবে। জলাবদ্ধতা নিরসন খাতে অব্যয়িত অর্থ লাইভলীহুড কর্মকাণ্ডে সমন্বয় করা যেতে পারে;

৪.৩। ‘কিল্লা নির্মাণ’ কার্যক্রমটি গুরুত্বপূর্ণ বিধায় টিপিপি’র সংস্থান অনুসারে ১০টি কিল্লা নির্মাণের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং প্রকল্পের কিল্লার নামকরণ ‘মুজিব কিল্লা’ করতে হবে এবং তা ইতোপূর্বে স্থাপিত মুজিব কিল্লার অনুকরণে হতে হবে;

৪.৪ কনসালট্যান্ট নিয়োগের পরিবর্তে কনসালট্যান্সি ফার্ম নিয়োগের মাধ্যমে কো-ম্যানেজমেন্ট কমিটির দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ প্রদানের সংস্থান রাখতে হবে। এ খাতের সাশ্রয়কৃত অর্থ জীবিকার উন্নয়ন খাতে সমন্বয় করা যেতে পারে;

৪.৫ অ্যাডাপ্টেশন লার্নিং সেন্টারের ফ্রেম ওয়ার্ক তৈরির জন্য এ প্রকল্প থেকে পরামর্শক নিয়োগের সংস্থান রাখা যেতে পারে;

৪.৬ ‘কমিউনিটি সাপোর্ট ফর ইনকাম জেনারেটিং’ এর আওতায় সিএমসির জন্য এককালীন পাঁচ লাখ টাকা প্রদানের সংস্থান রাখা যেতে পারে;

৪.৭ বন নির্ভর সদস্য সংখ্যা নির্ণয় করে অত:পর এফআরপিজি সংখ্যা নির্ণয় করতে হবে। সমবায় অধিদপ্তরের নিবন্ধনের শর্তানুযায়ী এফআরপিজির সদস্য সংখ্যা ৩০ জনে সীমাবদ্ধ রাখতে হবে এবং অবশিষ্ট অর্থ দ্বারা ইনপুট সাপোর্ট প্রদান করা যেতে পারে;

৪.৮ বাগান রক্ষণাবেক্ষণ ও Vacancy Filling খাতে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে;

৪.৯ যৌক্তিকভাবে মাঠ পর্যায়ের স্টাফ হ্রাস ও বাজেট সমন্বয়ের মাধ্যমে প্রকল্পের মেয়াদ আরও এক বছর (জুন, ২০২১ পর্যন্ত) বৃদ্ধি করা যেতে পারে;

৪.১০ উপর্যুক্ত সিদান্তের (৪.১-৪.৯) আলোকে টিপিপি যথাযথভাবে পুনর্গঠন করে অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৫.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী)
সচিব